

2020

BENGALI

(Major)

Paper : 6.2

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত/নির্দেশানুসারে উত্তর দাও : ১×৭=৭
- (ক) 'শেষের কবিতা' উপন্যাসের প্রথম পরিচ্ছেদের নাম কী ?
- (খ) "ওর মনটা আলেয়ার আলো, মাঠে ধাঁধা লাগাতেই আছে, ঘরের মধ্যে তাকে ধরে আনবার জো নেই।" কার কথা বলা হয়েছে ?
- (গ) সিসির প্রকৃত নাম কী ?
- (ঘ) লাবণ্যর পিতা পেশায় কী ছিলেন ?
- (ঙ) হারাণ ডাক্তার কার চিকিৎসা করেছিলেন ?

(চ) “There happen more things in heaven and earth, Horatio, than are reported in your newspapers.”

উক্তিটি কোন্ গল্পে ব্যবহৃত হয়েছে?

(ছ) এ দিকে চারুণ বয়স নয়/দশ/এগারো উত্তীর্ণ হইয়া যায়।

(শুদ্ধ উত্তরটি বেছে নাও)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) “হাতি যখন চোরাবালিতে পা দেয় তখন তার বাঁচবার উপায় কী?”—কার সম্বন্ধে বলা হয়েছে? এরূপ বলার কারণ কী?

(খ) “.... সে যে কেবল প্রতিহিংসা সাধনের জন্য এ কাজ করিয়াছে,....।” কে প্রতিহিংসা বশত কোন্ কাজ করেছে, লেখো।

(গ) “মরুভূমির বালি ফুটফুটে সাদা বলিয়াই কি তাহাতে বীজ বুনিয়া কোনো সুখ আছে।” কোন্ গল্পের অন্তর্ভুক্ত? বক্তা কে?

(ঘ) “আমার প্রেম থাক নিরঞ্জন; বাইরের রেখা, বাইরের ছায়া তাতে পড়বে না।” কে, কাকে বলেছে, লেখো।

৩। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

(ক) ‘শেষের কবিতা’ উপন্যাসে শোভনলাল চরিত্রটির প্রয়োজনীয়তার পরিমাপ করো।

(খ) “সমস্ত শিলঙ পাহাড়ের শ্রী আজ চলে গেছে।” কার কাছে, কেন ‘শিলঙ পাহাড়ের শ্রী’ চলে গিয়েছিল, লেখো।

(গ) “মরুভূমির মধ্যে আর-একবার মরীচিকা দেখিতে লাগিলাম।” প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির যথার্থতা বিচার করো।

(ঘ) “আমি যেন অন্ধকার নিশীথে সুপ্তিময় বোগদাদের নির্বাপিত দীপ, সংকীর্ণ পথে কোনো এক সংকটসংকুল অভিসারে যাত্রা করিয়াছি।” কার, কোথায় এবং কেন এমন অনুভূতি উপজাত হয়েছিল, বর্ণনা করো।

(ঙ) “গর্দভের সহিত আমার এই একটু প্রভেদ দেখিতেছি, আমি আজ বুঝিয়াছি সম্মান আমাকে নহে, আমার স্কন্ধের বোঝাগুলোকে।” উক্তিটি কার? বক্তার চরিত্রটি চিত্রিত করো।

৪। (ক) ‘শেষের কবিতা’ উপন্যাসের নায়িকা লাভণ্য-এর চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা করো।

১০

অথবা

(খ) “মনে হইল বইটা যেন আমাদের অর্থাৎ নবীন লেখকদেরই উদ্দেশ্যে লেখা। আমাদের শিক্ষা দিবার জন্য এটি গুরুদেবের একটি তির্যক ভর্ৎসনা।” বুদ্ধদেব বসুর উল্লিখিত মন্তব্যের আলোকে ‘শেষের কবিতা’ উপন্যাসের প্রথমাংশে যে রবীন্দ্রপক্ষীয় ও রবীন্দ্রবিরোধী প্রসঙ্গের অবতারণা করা হয়েছে তার পরিচয় দাও।

৫। (ক) 'প্রতিহিংসা' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

(খ) "... এই ব্রাহ্মণবালক আসক্তিবিহীন উদাসীন জননী বিশ্ব-পৃথিবীর নিকট চলিয়া গিয়াছে।" কার কথা বলা হয়েছে? উল্লিখিত 'ব্রাহ্মণবালক'টির চরিত্রিক বৈশিষ্ট্য নিরূপণ করো।

৬। (ক) 'রাজটিকা' গল্পের শ্যালিকা-পরিবৃত 'রায়বাহাদুর' খেতাব-লোলুপ নবেন্দুশেখরের চরিত্র যেভাবে কৌতুককর হয়ে উঠেছে, তা বিস্তারিত আলোচনা করো। ১০

অথবা

(খ) 'শেষের কবিতা' উপন্যাসের (শোভনলাল ব্যতীত) যে কোনো দুটি চরিত্র বিশ্লেষণ করো এবং উক্ত চরিত্রদ্বয় মূল কাহিনির উপসংহারে কতটুকু সহায়ক হয়েছে তা আলোচনা করো।
